

রাষ্ট্রপতির কার্যালয়,
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা

পত্র নং-০১.০০.০০০০.০১২.৩৮.০০২৫.১৭- ১০৯

৬ বৈশাখ ১৪২৫

১৯ এপ্রিল ২০১৮


কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন

ক্র/নং	কোটেশন সংক্রান্ত সাধারণ তথ্যাদি	কোটেশন সংক্রান্ত বিশেষ তথ্যাদি
০১.	মন্ত্রণালয়/বিভাগ	: রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা
০২.	সংস্থার নাম	: রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা
০৩.	সংগ্রহকারী সত্ত্বার নাম	: রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা
০৪.	যে জন্য দরপত্র আহ্বান	: মহামান্য রাষ্ট্রপতির বিভিন্ন অনুষ্ঠানে তোলা রঙ্গিন ছবি মুদ্রণ ও পরিস্ফুটন করে সরবরাহের নিমিত্ত।
০৫.	সরবরাহ সম্পন্ন করার জন্য নির্ধারিত সময়	: এ কার্যালয়ের চাহিদা অনুযায়ী কার্যাদেশ প্রদানের তারিখ হতে ২ (দুই) বছর।
০৬.	সংগ্রহ পদ্ধতি	: কোটেশনের মাধ্যমে।
০৭.	বাজেট ও অর্থের উৎস	: রাজস্ব বাজেট।
০৮.	কোটেশন গ্রহণের শেষ তারিখ ও সময়	: ০৭/৫/২০১৮ বেলা ১১:৩০ টা।
০৯.	কোটেশন খোলার তারিখ ও সময়	: ০৭/০৫/২০১৮ বেলা ১২.০০ মিনিট।
১০.	কোটেশন গ্রহণের স্থান	: বঙ্গভবন প্রধান ফটকের অভ্যর্থনা কক্ষে রক্ষিত টেন্ডার বাক্স।
১১.	কোটেশন খোলার স্থান	: অতিরিক্ত সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ-এর অফিস কক্ষ, বঙ্গভবন, ঢাকা।
১২.	কোটেশন মূল্যায়ন পদ্ধতি	: পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর আলোকে কোটেশন মূল্যায়ন করা হবে।
১৩.	কোটেশন দাতার যোগ্যতা	: সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন সরবরাহকারী এবং আগ্রহী দরদাতাদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএনসহ হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, ভ্যাট নিবন্ধন, ব্যাংক সলভেন্সী সনদ এবং অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
১৪.	দরপত্র আহ্বানকারীর পদবী	: উপ সচিব (সংযুক্ত) (সেবা)
১৫.	দরপত্র আহ্বানকারীর ঠিকানা	: সেবা শাখা, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৬.	যোগাযোগের ঠিকানা	: ফোন নং-৯৫৫০৩১১

বিশেষ দ্রষ্টব্য :

(ক)	আলোচ্য কোটেশন The Public Procurement Act-2006 এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী কোটেশন পদ্ধতি মোতাবেক পরিচালিত হবে।
-----	--

(খ)	কার্যাদেশ মোতাবেক গ্লোসি/ম্যাট পেপারে ছবি মুদ্রণ এবং নিজস্ব কালার ল্যাভে পরিষ্কৃতন করে মানসম্মত ও সন্তোষজনকভাবে সম্পন্ন করে সরবরাহ করতে হবে। ত্রুটিপূর্ণ কাজ সরবরাহকারী নিজ খরচে পুনরায় সম্পাদন করবে ;
(গ)	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে ছবির সার্বিক গোপনীয়তা রক্ষা বিষয়ক ৩০০ টাকার স্ট্যাম্প অঙ্গীকারনামা অবশ্যই প্রদান করতে হবে।
(ঘ)	উপ সচিব (সংযুক্ত) (সেবা), জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা-এর বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে লিখিত আবেদনের মাধ্যমে সিডিউলের শর্ত মোতাবেক কোটেশন দাখিল করতে হবে। কোটেশনে পণ্যের ব্র্যান্ড ও অরিজিন অবশ্যই উল্লেখ করতে হবে (ছবি মুদ্রণের কাগজ ও এ্যালবাম)। কোন প্রকার কাটা-ছেড়া অথবা ঘষামাজা কিংবা লেখা অস্পষ্ট হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য সরবরাহকৃত ছবি মুদ্রণ, পরিষ্কৃতন ও এ্যালবামের উপর বিধিমাতে ভ্যাট ও ট্যাক্স সরবরাহকারীকে পরিশোধ করতে হবে।
(ঙ)	কোটেশন দাখিলের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ, টিআইএনসহ হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, ব্যাংক সলভেন্সী সনদ এবং কাজের অভিজ্ঞতার সনদপত্র দাখিল করতে হবে।
(চ)	কোটেশন খোলার নির্দিষ্ট তারিখে কোন কারণে কোটেশন খোলা সম্ভব না হলে তা পরবর্তী কার্যদিবসে নির্ধারিত সময়ে খোলা হবে।
(ছ)	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


 (জন্নাতুন নাইম)
 উপসচিব (সংযুক্ত)
 ফোন : ৯৫৬৯২৯৭

বিতরণঃ

- ১) সিনিয়র সহকারী সচিব (প্রঃ), আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা-কে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৭১(২) অনুযায়ী কোটেশনটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ২) সহকারী প্রোগ্রামার (সংযুক্ত) রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা (বঙ্গভবনের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩) বাংলাদেশ সচিবালয়, দৈনিক ইত্তেফাক ও প্রথম আলো পত্রিকার নোটিশ বোর্ড, ঢাকা।

জ্ঞাতার্থেঃ

- ১) সচিবের একান্ত সচিব (উপ সচিব), রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) হিসাব রক্ষণ কর্মকর্তা, রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।

রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ, বঙ্গভবন, ঢাকা

সিডিউল

বিষয় : মহামান্য রাষ্ট্রপতির বিভিন্ন অনুষ্ঠানে তোলা রঙ্গীন ছবি মুদ্রণ ও পরিষ্কৃটন কাজের ঠিকাদার নিয়োগ সংক্রান্ত কোটেশনের সিডিউল।

ক্রমিক নং	কাজের বিবরণ	একক মূল্য
১.	পাসপোর্ট সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
২.	স্ট্যাম্প সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
৩.	৩ আর (৩.৫"×৫") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
৪.	৪ আর (৪.৬"×৬") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
৫.	৫ আর (৫"×৭") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
৬.	৮ আর (৮"×১০") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
৭.	১০ আর (১০"×১২") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
৮.	১১ আর (১১"×১৪") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
৯.	১২ আর (১২"×১৬") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
১০.	২০ আর (২০"×২৪") সাইজ রঙ্গীন ছবি মুদ্রণ	
১১.	ছবি এডিটিং	
১২.	পেস্টিং এ্যালবাম (২৫ পাতা)	

শর্তাবলী :

ক)	কোটেশনে প্রতিটি বিষয়ের একক মূল্য (ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য করসহ) অঙ্কে ও কথায় উল্লেখ করতে হবে। উদ্ধৃত মূল্যে কোন ঘষামাজা গ্রহণযোগ্য হবে না ;
খ)	নির্বাচিত ফটোল্যাব প্রতিষ্ঠানকে অত্র কার্যালয়ের সেবা শাখার চাহিদামত ছবি মুদ্রণ ও পরিষ্কৃটন করে তাৎক্ষণিক সরবরাহ নিশ্চিত করতে হবে ;
গ)	নির্বাচিত ফটোল্যাব প্রতিষ্ঠান মাসিক ভিত্তিতে বিল সেবা শাখায় দাখিল করবে ;
ঘ)	কর্তৃপক্ষ প্রচলিত বিধি মোতাবেক কর কর্তন করে বিল পরিশোধ করবে ;
ঙ)	কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে
চ)	উপরে বর্ণিত শর্তসমূহে সম্মত হলে আগ্রহী ঢাকাস্থ ফটোল্যাব মালিকগণ কর্তৃক তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে সীলমোহরকৃত কোটেশন আগামী ০৭/০৫/২০১৮ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন-এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে।



(জন্নাতুন নাহিদ)

উপ সচিব (সংযুক্ত)

ফোন : ৯৫৬৯২৯৭